

আল-আ'রাফ | Al-A'raf | الْأَعْرَاف

আয়াতঃ ৭ : ১২২

আরবি মূল আয়াত:

رَبِّ مُوسَىٰ وَ هَارُونَ ﴿١٢٢﴾

অনুবাদসমূহ:

মূসা ও হারুনের রবের প্রতি।' — আল-বায়ান

মূসা আর হারুনের প্রতিপালকের প্রতি।' — তাইসিরুল

মূসা ও হারুনের রবের প্রতি। — মুজিবুর রহমান

The Lord of Moses and Aaron." — Sahih International

১২২. মূসা ও হারুনের রব।

-

তাফসীরে জাকারিয়া

(১২২) যিনি মূসা ও হারুনেরও প্রতিপালক।' [1]

[1] যাদুকরেরা সিজদারত অবস্থায় আল্লাহ রাব্বুল আলামীনের উপর ঈমান আনার কথা ঘোষণা করল। যাতে ফিরআউনের দলের লোকেদের ধোঁকায় পড়ার সম্ভাবনা ছিল যে, তারা ফিরআউনকেই সিজদা করছে। কেননা, তারা তাকে উপাস্য ও প্রতিপালক বলে মান্য করত। সেই জন্য তারা মূসা ও হারুনের প্রতিপালক বলে এ কথা পরিষ্কার করে দিল যে, আমরা এই সিজদা সারা জাহানের প্রতিপালককে করছি, যিনি মূসা ও হারুনের প্রতিপালক; মানুষের বানানো কোন প্রতিপালককে নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1076>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন